62

দৈনিক ইত্তেফাক

তারিখ 22 JUN 1996
পৃষ্ঠা ৫ কলাম 2

# বরগুনায় বিদ্যালয়গুলিতে কৃষি শিক্ষক ও সরঞ্জামের অভাব

বরগুনা (দক্ষিণ) সংবাদদাতা ॥ মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়গুলিতে কৃষি শিক্ষা বাধ্যতামূলক করা হইলেও বরগুনা জেলার বিদ্যালয়গুলিতে প্রয়োজনীয় শিক্ষক ও শিক্ষা সরঞ্জামের অভাবে কৃষি শিক্ষা দারুণভাবে ব্যাহত হইতেছে।

জেলায় ১০৭টি মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে প্রায় ১৫ হাজার ছাত্র-ছাত্রী রহিয়াছে। জেলা ও থানা সদরের কয়েকটি বিদ্যালয় ছাড়া কোন শিক্ষা প্রতিষ্ঠানেই কৃষি বিষয়ক শিক্ষক নাই। কৃষি বিষয়ে ডিপ্লোমাধারী শিক্ষকের অভাব এবং সরকারী মঞ্জুরীর অভাবে শিক্ষক নিয়োগ করা সম্ভব হইতেছে না। তবে প্রত্যেক বিদ্যালয়ের জীব বিজ্ঞান বিষয়ক একজন শিক্ষক ১০ দিনের (স্বল্পকালীন) প্রশিক্ষণ নিয়া কৃষি বিষয়ক ক্লাস চালাইতেছেন। কিন্তু একজন শিক্ষকের পক্ষে ৬ষ্ঠ হইতে ১০ম শ্রেণী পর্যন্ত দৈনিক ৫টি ক্লাস এবং জীববিদ্যার ক্লাসে যথাযথভাবে শিক্ষাপ্রদান সম্ভব হয় না।

গ্রামের বিদ্যালয়গুলিতে কৃষি শিক্ষার ব্যবহারিক উপকরণ নাই বলিলেই চলে। যৎসামান্য থাকিলেও হাতেকলমে শিক্ষা দেওয়া সম্ভব হইতেছে না। এই অবস্থায় আগামী এস,এস,সি পরীক্ষার্থীদের কৃষি বিষয়ক ৪০ নম্বরের ব্যবহারিক পরীক্ষা কিভাবে নেওয়া হইবে তাহা বিরাট প্রশ্ন হইয়া দাঁড়াইতেছে। এহেন শিক্ষা ব্যবস্থায় বেশী ক্ষতিগ্রস্ত হইতেছে সংশ্লিষ্ট ছাত্রীরা।